গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর- ৪১.০১.১২০২.০০০.১৩.০২০.২৪- ১৬১ তারিখঃ ১৪ অক্টোবর, ২০২৫খ্রি:

**বিজ্ঞপ্তি/ নোটিশ**

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরে বর্ধিত কৌটায় বেদে,বয়স্ক,বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ভাতা,অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ায় এর ২০২৫-২০২৬ অর্থবছরে বর্ধিত কৌটায় ২০২৫-২০২৬ অর্থবছরে বর্ধিত কৌটায় বয়স্ক ,বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ভাতা,অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও নীতিমালা অনুযায়ী ভাতা প্রদান করা হবে। তাই যারা এখনো বয়স্ক ,বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ভাতা,অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে ভাতার আওতায় আসেনি তাদেরকে আগামী ১৩/১০/২০২৫ খ্রি: তারিখ হতে ০৬/১১/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত **dss.bhata.gov.bd/onllineApplication** লিংকে প্রবেশ করে ভাতার আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০১

- **ভাতার অনলাইন আবেদনের জন্য যোগ্যতা/ শর্তসমূহ:-**
  ১। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র এবং প্রতিবন্ধী ভাতার জন্য সূর্বন নাগরিক কার্ড
  ২। আবেদনকারীর সক্রিয় নগদ হিসাব নম্বর (মোবাইল নম্বর)।
  ৩। পূর্বে যারা ভাতা পাচ্ছেন তাদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
- **প্রতিবন্ধী,বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তির অনলাইন আবেদনের জন্য যোগ্যতা/ শর্তসমূহ:-**
  ১। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন।
  ২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।
  ৩। শিক্ষার্থী/ অভিভাবকের সক্রিয় নগদ হিসাব নম্বর (মোবাইল নম্বর)।
  ৪। পূর্বে যারা ভাতা পাচ্ছেন তাদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

**সংযুক্ত:**

১। সমাজসেবা অধিদফতরের কর্তৃক প্রেরিত পত্র- ০১ ফর্দ।

**বিঃদ্রঃ সংশিষ্ট পৌর প্রশাসক/ চেয়ারম্যান(দায়িত্বপ্রাপ্ত) ব্যাপক ভাবে মাকিং বা অন্যান প্রচার মধ্যমে প্রচার করার জন্য বিষেশ ভাবে অনুরোধ করা হলো।**

১৪-১০-২৫
উপজেলা সমাজসেবা অফিসার
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

পৌর প্রশাসক/ চেয়ারম্যান
-------------------------------পৌরসভা/ ইউনিয়ন পরিষদ।
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
২। উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
৩। জনাব ------------------------------------------- দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
৪। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৬৪৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫খ্রি: তারিখ হতে ০৬-১১-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত dss.bhata.gov.bd/online-application লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় নিম্নোক্ত নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System (DIS) এর সাথে যাচাই করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ তারিখের নম্বর: ০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০.৫২ সংখ্যক এর পরিপত্রটি অনুসরণ করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৪. পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
৬. বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৭. অনলাইন আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই কার্যক্রম ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৮. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

12.10.2025

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সামাজিক নিরাপত্তা অধিশাখা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল).........................।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).........................।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৭. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর/তেজগাঁও সার্কেল, সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

CamScanner